

AKASHVANI (Kolkata)

Regional News Unit

Date : 15-10-24

Desk in Charge :

Time : 7.35AM

Compiling :

Opening Announcement –

আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ সুপ্রিম কোটে আজ আরজি কর মামলার পরবর্তী শুনানি।

২/ সুপ্রিম কোটে শুনানি ও রেড রোডে পুজো কার্নিভালের দিন RG Kar-এর ঘটনায় চিকিৎসকরা আজ রানী রাসমণি অ্যাভেনিউতে দ্রোহের কার্নিভালের ডাক দিয়েছেন।

জুনিয়ার চিকিৎসকরা সামিল হবেন মানব বন্ধন সহ বিভিন্ন কর্মসূচীতে।

৩/ ধর্মতলায় জুনিয়ার চিকিৎসকদের অনশনের আজ একাদশ দিন। # দশম দিনে আরো এক চিকিৎসক গতকাল অসুস্থ হয়ে পড়লে, তাকেও হাসপাতালে ভর্তি করতে হয়।

৪/ শারদোৎসব শেষে কলকাতার সেরা পুজোগুলোকে নিয়ে আজ রেড রোডে বর্ণময় কার্নিভালের আয়োজন করা হয়েছে।

৫/ পুরুলিয়ায় গতরাতে বিসর্জনের আতশ বাজির প্রদর্শনী দেখতে গিয়ে বাড়ির ছাদ ভেঙ্গে দুজনের মৃত্যু। আহত অন্ততঃ এগারো।

৬/ বীরভূমের খয়রাশোলে খনিতে বিস্ফোরণের ঘটনায় কলকাতা হাইকোর্ট রাজ্যের কাছে রিপোর্ট তলব করেছে।

সুপ্রিম কোর্টে আজ আর জি কর মামলার পরবর্তী শুনানি। প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়, এবং দুই বিচারপতি জেবি পারদিওয়ালা এবং মনোজ মিশ্রের বেঞ্চে দুপুর ২টো থেকে এই শুনানি হওয়ার কথা।

প্রায় দু'সপ্তাহ পরে সুপ্রিম কোর্টে উঠছে এই আরজি কর- মামলা। এখন তদন্ত কোন পর্যায়ে রয়েছে, নতুন কিছু তদন্তে উঠে এল কি না, জুনিয়র ডাক্তারেরা নিয়মমাফিক পরিষেবা দিচ্ছেন কি না, আর জি কর মামলার ষষ্ঠ শুনানিতে এই সব প্রশ্নগুলিই ফের ওঠার সম্ভাবনা।

প্রথমেই আলোচনা হতে পারে সিবিআই তদন্তের অগ্রগতি নিয়ে। পঞ্চম শুনানিতেও তদন্ত প্রক্রিয়া কর দূর এগোল তা সিবিআইয়ের কাছে জানতে চেয়েছিল সুপ্রিম কোর্ট। শুনানিতে কেন্দ্রীয় দলের থেকে ‘স্টেটাস রিপোর্ট’ দেখতে চান প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়। ফলে ওই ঘটনার তদন্ত কর্তৃর এগোল, তা নিয়ে আজ সুপ্রিম কোর্টে রিপোর্ট দিতে পারে সিবিআই।

দ্বিতীয়ত, জুনিয়র ডাক্তারেরা ঠিক মতো সব পরিষেবার কাজ করছেন কি না, সেই নিয়েও ফের প্রশ্ন তুলতে পারে সুপ্রিম কোর্ট। গত শুনানিতেও এনিয়ে শীর্ষ আদালত প্রশ্ন তোলে। সেখানে রাজ্যের তরফে জানানো হয়, জুনিয়র ডাক্তারেরা শুধুমাত্র জরুরি পরিষেবা দিচ্ছেন। বহির্বিভাগ ও অন্যান্য ক্ষেত্রে পরিষেবা দিচ্ছেন না তাঁরা। তাতে অবশ্য আপত্তি জানান জুনিয়র ডাক্তারদের আইনজীবী ইন্দিরা জয়সিংহ। তিনি দাবি করেন, প্রয়োজনীয় পরিষেবা দেওয়া হচ্ছে। দু'পক্ষের সওয়াল জবাব শোনার পরেই প্রধান বিচারপতি জুনিয়র ডাক্তারদের, হাসপাতালের বহির্বিভাগ এবং অন্যান্য ক্ষেত্র-সহ সমস্ত প্রয়োজনীয় পরিষেবা দেওয়ার নির্দেশ দেন।

তৃতীয়ত, রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে নিরাপত্তা এবং পরিকাঠামো সংক্রান্ত কাজ কর দূর এগোল, সেই প্রশ্নও উঠতে পারে। গত শুনানিতেও নতুন ডিউটি রুম এবং শৌচাগার নির্মাণ, সিসিটিভি ক্যামেরা, পর্যাপ্ত আলো ইত্যাদি বসানোর কাজ কর দূর এগিয়েছে, সে নিয়ে রাজ্যকে প্রশ্ন করেছিলেন প্রধান বিচারপতি। এনিয়ে রাজ্যের জবাব পাওয়ার পরে সরকারি হাসপাতালগুলিতে নিরাপত্তা এবং পরিকাঠামো সংক্রান্ত

কাজ শেষ করার জন্যে ১৫ অক্টোবর অর্থাৎ আজকের মধ্যে সময়সীমাও বেঁধে দেয় সুপ্রিম কোর্ট।

চতুর্থত, আরজি কর কাণ্ডের পর গড়া ন্যাশনাল টাঙ্ক ফোর্সের কাজ কর দূর এগোলো, আজ সেই সংক্রান্ত রিপোর্ট চাইতে পারে শীর্ষ আদালত। গত শুনানিতেও এই রিপোর্ট দেখতে চান প্রধান বিচারপতি চন্দ্রচূড়।

উল্লেখ্য, এর আগে গত ৩০ সেপ্টেম্বর আরজি কর মামলার পঞ্চম শুনানি হয়েছিল সুপ্রিম কোর্টে। এই মামলায় এখনও পর্যন্ত ৪২টি পক্ষ রয়েছে। তাদের হয়ে দাঁড়িয়েছেন ২০০-র বেশি আইনজীবী। তার মধ্যে রয়েছে অন্যতম প্রধান ন'টি পক্ষ।

সুপ্রিম কোর্টে শুনানি ও রেড রোডে পুজো কার্নিভালের দিনেই RG Kar-এর ঘটনায় চিকিৎসকেরা আজ রানী রাসমণি অ্যাভেনিউতে ‘দ্রোহের কার্নিভাল’-এর ডাক দিয়েছেন।

জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডেন্টস, সহযোগী সংগঠন এবং পশ্চিমবঙ্গ গণসংগঠন সমষ্টি-র ডাকে অভয়ার ন্যয় বিচার ও ভূমকি সংস্কৃতি নিরসন সহ বিভিন্ন দাবীতে বিকেল চারটে নাগাদ এই কার্নিভালে সামিল হওয়ার জন্য প্রত্যেক নাগরিককেই আহ্বান জানানো হয়েছে। আন্দোলনরত চিকিৎসকদের আমরণ অনশনের প্রতি সংহতি জানিয়ে বিভিন্ন সংগঠন ইতিমধ্যেই এই কার্নিভালে অংশগ্রহণের কথা সুনিশ্চিত করেছে। কলকাতা পুলিশের পক্ষ থেকে অবশ্য এই দ্রোহের কার্নিভালের জন্য ‘নো অবজেকশন সার্টিফিকেট’ দেওয়া হয়নি। লালবাজার সূত্রে এই খবর জানা গেছে। তবে, তা’ সত্ত্বেও তাঁরা কর্মসূচী থেকে সরে আসছেন না বলে আন্দোলনকারীদের তরফে জানানো হয়েছে। আইনের সীমার মধ্যে থেকে এবং হাইকোর্টের পর্যবেক্ষণ মেনেই তাঁদের লড়াই জারি থাকবে বলে জানানো হয়েছে।

‘জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডেন্টস-এর যুগ্ম আহ্বায়ক ডাক্তার পুণ্যব্রত গুণ জানিয়েছেন, মিছিল ও সভা করা গণতান্ত্রিক অধিকারের মধ্যেই পড়ে।

আইনজীবি জয়ন্ত নারায়ন চট্টোপাধ্যায় অনশনরতদের প্রতি সংহতি জানাতে আজ ধর্মী মঞ্চে যান। আমাদের প্রতিনিধিকে তিনি বলেন-

(বাইট- জয়ন্ত নারায়ণ)

এদিকে, জুনিয়র চিকিৎসকেরা আজ মানব বন্ধন কর্মসূচীতে সামিল হবেন। ‘west Bengal junior doctors front’-WBJDF-এর পক্ষ থেকে তাদের অনশন আন্দোলনের প্রতি সংহতি জানাতে মানব বন্ধনের পাশাপাশি সম্মেলন, প্রতিবাদ মিছিল, র্যালি ও পদযাত্রার ডাক দেওয়া হয়েছে। জন সাধারণকেও তাঁরা এই কর্মসূচীতে যোগ দেওয়ার অনুরোধ জানান।

ডাক্তার দেবাশিস হালদার সাংবাদিকদের বলেন- (বাইট- দেবাশিস)

আর জি কর কাণ্ডে সিবিআই তদন্তের প্রতি অনান্ত্রার বার্তা দিয়ে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকরা গতকাল রাজভবন অভিযান করেন। বিচারের দাবি সম্বলিত পোস্টার ব্যানারের পাশাপাশি জাতীয় পতাকা হাতে মিছিলে নাগরিক সমাজের একাংশও সামিল হন। রাজভবনের সামনে ব্যারিকেড করে পুলিশ তাদের আটকে দেয়। পরে ডিসি সেন্ট্রাল ইন্ডিয়া মুখোপাধ্যায়ের মধ্যস্থতায় চিকিৎসকদের এক প্রতিনিধি দল রাজভবনে গিয়ে স্মারকলিপি জমা দেন।

ধর্মতলায় আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকদের অনশনের আজ একাদশ দিন। গতকাল দশম দিনে অসুস্থ হয়ে পড়েন আরও এক জুনিয়ার ডাক্তার তনয়া পাঁজা। অসুস্থতার মধ্যেই অবশ্য অনশন মঞ্চে ছিলেন তিনি। পরে মাথা ঘুরে পড়ে গিয়ে সংজ্ঞা হারানোয় রাতে মেডিক্যাল কলেজের এই জুনিয়র চিকিৎসককে সেখানেই ভর্তি করা হয়। তাঁর চিকিৎসায় গঠন করা হয়েছে ৯'জন চিকিৎসকের মেডিক্যাল বোর্ড। হাসপাতালে নেওয়ার পর চিকিৎসার শুরুতে জ্ঞান ফিরলেও, এখনো তনয়া আচ্ছন্ন অবস্থায়।

অন্যদিকে, ওই হাসপাতালে ক্রিটিক্যাল কেয়ার-এ চিকিৎসাধীন ডাক্তার অনুষ্ঠুপ মুখোপাধ্যায়, RG Kar-এ ভর্তি ডাক্তার অনিকেত মাহাতো, নীলরতন সরকার মেডিক্যাল কলেজে চিকিৎসাধীন পুলস্ত্য আচার্য এবং উত্তরবঙ্গ মেডিক্যাল

কলেজে ভর্তি ডাক্তার অলোক ভার্মার শারীরিক অবস্থা আপাতত স্থিতিশীল। তবে কেউই পুরোপুরি সক্ষম নন।

এদিকে, ধর্মতলার অবস্থান মধ্যে এখনো অনশন চালিয়ে যাচ্ছেন পাঁচ জুনিয়ার চিকিৎসক- স্নিঞ্চা হাজরা, অর্ণব মুখোপাধ্যায়, সায়ন্ত্রী ঘোষ হাজরা, আলোলিকা ঘোড়ুই ও পরিচয় পন্ডা। এদের শারীরিক অবস্থা আপাতত স্থিতিশীল বলে জানা গেছে। তবে, উত্তরবঙ্গ মেডিকেল কলেজে অনশনরত সৌভিক বন্দ্যোপাধ্যায়ের অবস্থার অবনতি হচ্ছে। এরপরেও অনশন চালিয়ে গেলে সমস্যা আরো বাঢ়তে পারে।

RG Kar ইস্যুতে জুনিয়ার চিকিৎসকদের আন্দোলনের মধ্যেই স্বাস্থ্য ভবনে গতকাল রাজ্য সরকারের সঙ্গে চিকিৎসক সংগঠনের প্রতিনিধিদের বৈঠকে কোনো সমাধান সূত্র মেলেনি। ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন সহ ১২ টি চিকিৎসক সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে ওই বৈঠকে ছিলেন মুখ্যসচিব মনোজ পন্থ এবং স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্ৰবৰ্তী। প্রায় তিন ঘন্টা বৈঠকের পরেও অচলাবস্থা কাটার কোনো ইঙ্গিত মেলেনি।

কলকাতা হাইকোর্ট, RG Kar মেডিকেল কলেজ ও হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের রেজিস্ট্রেশন বাতিলের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে করা মামলার দ্রুত শুনানির আবেদন খারিজ করে দিয়েছে। সন্দীপ ঘোষের আইনজীবী হাইকোর্টের অবকাশকালীন বেঞ্চের বিচারপতি পার্থসারথি সেনের সিঙ্গল বেঞ্চে দ্রুত ওই আবেদনের শুনানির আর্জি জানালে বিচারপতি তা' খারিজ করে দেন। তিনি বলেন, মামলাটি এখন জরুরি ভিত্তিতে শুনতে হবে এমন কোনও মানে নেই। নিয়মিত বেঞ্চেই ওই আবেদনের শুনানি হবে।

শারদোৎসব শেষে কলকাতার সেরা পুজোগুলোকে নিয়ে আজ রেড রোডে বর্ণময় কার্নিভালের আয়োজন করা হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সহ বহু বিশিষ্ট মানুষের

উপস্থিতিতে শহরের সেরা পুজোগুলির প্রতিমা নিয়ে শোভাযাত্রার পর বাজেকদমতলা
ঘাটে বিসর্জন দেওয়া হবে।

একটি প্রতিবেদন- (ভিসি- অভিন্নপ)

গতকাল বিভিন্ন জেলাতে হয় দুর্গাপুজোর কার্নিভাল।

এদিকে, কার্নিভাল উপলক্ষ্যে রাজ্যের পরিবহন দপ্তরের অনুরোধে মেট্রো
রেল আজ অতিরিক্ত পরিষেবা দেবে। মেট্রো রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক
কৌশিক মিত্র একথা জানিয়েছেন।

পুরুলিয়ার জেলেপাড়ায় গতরাতে প্রতিমা বিসর্জনের আগে আতশবাজি ফাটানো
দেখতে গিয়ে বাড়ির ছাদ ভেঙে দুজনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে আছেন এক
মহিলা। গুরুতর আহত অন্তত এগারো জন।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, ধীবর সমিতির দুর্গা পুজো কমিটির পক্ষ থেকে
প্রতি বছরের মত এবার'ও আতশবাজির ফাটানো অনুষ্ঠানের আয়োজন করা
হয়েছিলো। সেখানে প্রায় সাত/আট হাজারের বেশি মানুষের ভিড় জমে যায়।
সেখানেই একটি বাড়ির ছাদ ভেঙে আহত হন বেশ কয়েকজন।

এদের পুরুলিয়া গভর্নেন্ট মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তির জন্য নিয়ে যাওয়া
হলে, দুজনকে মৃত ঘোষণা করা হয়।

বীরভূমের খয়রাশোলে কয়লা খনিতে বিষ্ফোরণের ঘটনায় কলকাতা হাইকোর্ট
রাজ্যের কাছে রিপোর্ট তলব করেছে। ফরেন্সিক রিপোর্ট'ও পেশ করার নির্দেশ
দেওয়া হয়েছে। বিচারপতি তীর্থক্ষেত্র ঘোষের এজলাসে গতকাল এই মামলার শুনানির
সময় কি ধরণের বিষ্ফোরণ ঘটেছে, এর জন্য কারা দায়ী, সে ব্যাপারে রিপোর্ট দিতে
বলেছেন রাজ্যকে। মামলার পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে ৫'ই নভেম্বর।
